

# 💵 সুনান আন-নাসায়ী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ৩১৬ [আন্তর্জাতিক নাম্বারঃ ৩১৭]

পর্ব-১: ত্বহারাহ্ (পবিত্রতা) (১ হ্রান্ট্রান্

পরিচ্ছেদঃ ১৯৮: আরেক প্রকারের তায়াম্মুম এবং দু হাতে ফুঁক দেয়া

نَوْعُ آخَرُ مِنْ التَّيَمُّمِ وَالنَّفْخِ فِي الْيَدَيْنِ

### আরবী

أَخْبَرَنَا مُحَمَّدُ بْنُ بَشَّارٍ، قال: حَدَّتَنَا عَبْدُ الرَّحْمَنِ قال: حَدَّتَنَا سُفْيَانُ، عَنْ سَلَمَةَ، عَنْ أَبِي مَالِك، وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ أَبْزَى، قال: كُنَّا عِنْدَ عُمَرَ فَأَتَاهُ رَجُلٌ، فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ، رُبَّمَا نَمْكُثُ الشَّهْرَ وَالشَّهْرَيْنِ وَلَا كُنَّا عِنْدَ عُمَرَ فَأَتَاهُ رَجُلٌ، فَقَالَ: يَا أَمِيرَ الْمُؤْمِنِينَ مَيْثُ لِأُصَلِّيَ حَتَّى أَجِدَ الْمَاءَ، نَجِدُ الْمَاءَ فَقَالَ عُمَرُ: أَمَّا أَنَا، فَإِذَا لَمْ أَجِدِ الْمَاءَ لَمْ أَكُنْ لِأُصلِّيَ حَتَّى أَجِدَ الْمَاءَ، فَقَالَ عُمَرُ: أَمَّا أَنَا، فَإِذَا لَمْ أَجِدِ الْمَاءَ لَمْ أَكُنْ لِأُصلِي كَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَذَا وَكَنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ الْإِبِلَ، فَتَعْلَمُ أَنَّا أَجْنَبْنَا ؟ قال: نَعَمْ، أَمَّا أَنَا فَتَمَرَّغْتُ فِي التُّرَابِ، فَأَتَيْنَا النَّبِيَّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ، فَضَحِكَ، فَقَالَ: إِنْ كَانَ الصَّعِيدُ لَكَافِيكَ، وَضَرَبَ بِكَفَيْهِ إِلَى الْأَرْضِ، ثُمَّ عَلَيْهِ وَسَلَّمَ، فَضَحِكَ، فَقَالَ: إِنْ كَانَ الصَّعِيدُ لَكَافِيكَ، وَضَرَبَ بِكَفَيْهِ إِلَى الْأَرْضِ، ثُمَّ الْمُؤْمِنِينَ، إِنْ شِئْتَ لَمْ أَدْكُرْهُ، قَالَ: وَلَكِنْ نُولِيكَ مِنْ ذَلِكَ مَا تَوَلَّيْتَ.

تخريج دارالدعوه: انظر حديث رقم: ٣١٣ (صحيح) (دون ذراعيم، والصواب كفيم" كما في الرواية التالية)

صحيح وضعيف سنن النسائي الألباني: حديث نمبر 317 \_ صحيح دون الذراعين والصواب كفيه

#### বাংলা

৩১৬. মুহাম্মাদ ইবনু বাশার (রহ.) ..... 'আবদুর রহমান ইবনু আব্যা (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, আমরা



'উমার (রাঃ)-এর কাছে ছিলাম। তাঁর কাছে এক ব্যক্তি এসে বলল, হে আমীরুল মু'মিনীন! অনেক সময় আমরা এক মাস বা দুই মাস পর্যন্ত কোথাও থাকি আর আমরা পানি পাই না। "উমার (রাঃ) বললেন, আমি পানি না পেলে পানি পাওয়া পর্যন্ত সালাত আদায় করতাম না। তখন 'আম্মার ইবনু ইয়াসির (রাঃ) বললেন, হে আমীরুল মু'মিনীন! আপনার মনে আছে কি যখন আমরা অমুক অমুক জায়গায় ছিলাম আর আমরা উট চরাতাম, আপনি জানেন যে, আমরা অপবিত্র হলাম? তিনি বললেন, হ্যাঁ। তখন আমি মাটিতে গড়াগড়ি দিলাম। পরে আমরা নবী (সা.) -এর নিকট আসলে তিনি হেসে বললেন, মাটিই তোমার জন্যে যথেষ্ট ছিল, আর তিনি দু' হাত মাটিতে মারলেন এবং তাতে ফুক দিলেন। তারপর তিনি তার চেহারা এবং তার দু হাতের কিয়দংশ মাসাহ করলেন। উমার (রাঃ) বললেন, হে 'আম্মার! আল্লাহকে ভয় কর। আম্মার বললেন, হে আমীরুল মু'মিনীন! যদি আপনি চান তাহলে আমি এ হাদীস বর্ণনা করব না। উমার (রাঃ) বলেন, না। কিন্তু আমার নিকট যা বর্ণনা করলে এর দায়িত্ব তোমার ওপর অর্পণ করলাম।

## **English**

198. Another Way Of Performing Tayammum, And Blowing On The Hands

It was narrated that 'Abddur-Rahman bin Abza said: We were with 'Umar when a man came to him and said: 'O Commander of the Believers! sometimes we stay for a month or two without finding any water. Umar said: As if I did not find water, I would not pray until I found water.' 'Ammar bin Yasir said: 'Do you remember, O Commander of the Believer, when you were in such and such a place and we were rearing the camels, and you know that we became Junub?' He said: 'Yes.' 'As for me I rolled in the dust, then we came to the Prophet () and he laughed and said: Clean earth would have been sufficient for you. And he struck his hands on the earth then blew on them, then he wiped his face and part of his forearms. He ('Umar) said: Fear Allah, O 'Ammar!' He said: 'O Commander of the Believers! If you wish I will not mention it.' He said: 'No, we will let you bear the burden of what you took upon yourself.'

## ফুটনোট

সহীহ: বুখারী ৩৩৮, ৩৬৮; মুসলিম ২৮১; 'বাহুর' উল্লেখ ব্যতীত হাদীসটি সহীহ। বরং বিশুদ্ধ বর্ণনা হল, দুই হাতের তালু যেমনটি পরবর্তী বর্ণনায় উল্লেখ হয়েছে; সহীহ আবূ দাউদ ৩৪৪-৩৪৫। [দ্রঃ ৩১৩]

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি □ বর্ণনাকারীঃ আবদুর রহমান ইবনু আব্যা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন